

# বাংলাদেশ ব্যাংক

Website: www.bangladesh-bank.org  
www.bangladeshbank.org.bd

প্রধান কার্যালয়

ডাকবাংলো নং ৩২৫

ঢাকা।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং- ০৮

১২ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ

তারিখঃ -----

২৬ মে, ২০১১ খ্রীষ্টাব্দ

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক-কোম্পানী।

প্রিয় মহোদয়,

মার্চেন্ট ব্যাংকিং ও ব্রোকারেজ কার্যক্রমের উদ্দেশ্যে গঠিত নিজস্ব সাবসিডিয়ারী প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত

**Single Borrower Exposure Limit** এর অতিরিক্ত ঋণ সমন্বয় প্রসংগে

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। এ প্রসংগে উল্লেখ্য যে, মার্চেন্ট ব্যাংকিং ও ব্রোকারেজ কার্যক্রমের উদ্দেশ্যে গঠিত বিভিন্ন ব্যাংকের নিজস্ব সাবসিডিয়ারী প্রতিষ্ঠান পৃথক কার্যক্রম শুরু করার প্রেক্ষিতে এসব প্রতিষ্ঠানে ইতোমধ্যে ব্যাংকের সরবরাহকৃত তহবিল ঋণে পরিণত হয়েছে। অধিকাংশ ক্ষেত্রে এরূপ ঋণ ব্যাংকের Single Borrower Exposure Limit অতিক্রম করায় সংশ্লিষ্ট ব্যাংকগুলোর আবেদনের প্রেক্ষিতে তা ধাপে ধাপে সমন্বয়পূর্বক নির্ধারিত সীমায় নামিয়ে আনার জন্য বিভিন্ন ব্যাংক-কে জুন, ২০১১ হতে আগষ্ট, ২০১১ পর্যন্ত বিভিন্ন মেয়াদী সময় প্রদান করা হয়েছে।

এক্ষণে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, মার্চেন্ট ব্যাংকিং ও ব্রোকারেজ কার্যক্রমের উদ্দেশ্যে গঠিত ব্যাংকের নিজস্ব সাবসিডিয়ারী প্রতিষ্ঠানের অনুকূলে বিদ্যমান Single Borrower Exposure Limit এর অতিরিক্ত ঋণ ৩১/১২/২০১১ তারিখের মধ্যে বিআরপিডি সার্কুলার নং-০৫/২০০৫ এ বর্ণিত সীমার মধ্যে নামিয়ে আনতে হবে।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-

(সুলতান আহাম্মদ)

মহাব্যবস্থাপক

ফোন ৯ ৭১২০৩৭৬